

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
সরকারি কলেজ-৩ অধিশাখা
www.shed.gov.bd

নম্বর- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০২৭.২০২১. ৩৭৮

তারিখ:

০৬ শ্রাবণ ১৪২৯ বঙ্গাব্দ
২১ জুলাই ২০২২ খ্রি.

প্রজ্ঞাপন

যেহেতু, মির্জা মো: মঈন উদ্দিন (১৫৪৬২), সহকারী অধ্যাপক (অর্থনীতি), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা গত ০১/০৪/২০২১ খ্রি. হতে ১৬/১১/২০২১ খ্রি. পর্যন্ত ০৭ (সাত) মাস ১৬ (ষোল) দিন বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) ও ৩ (গ) বিধি অনুযায়ী 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তাকে অভিযোগনামা ও অভিযোগবিবরণী প্রেরণপূর্বক কারণ দর্শানো হয় এবং তিনি কারণ দর্শানোর জবাব প্রদান করেন। গত ২২/০২/২০২২ খ্রিস্টাব্দে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় এবং জবাব ও শুনানিতে প্রদত্ত বক্তব্য সন্তোষজনক না হওয়ায় আনীত অভিযোগ তদন্তের জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা তদন্তপূর্বক তদন্ত প্রতিবেদন দাখিল করেন এবং উক্ত প্রতিবেদন মতে মির্জা মো: মঈন উদ্দিন এর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়;

যেহেতু, অভিযোগ বিবরণী, অভিযুক্ত কর্মকর্তার লিখিত জবাব, তদন্ত প্রতিবেদন এবং ঘটনার পারিপার্শ্বিকতা বিবেচনাপূর্বক মির্জা মো: মঈন উদ্দিন এর বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় সরকারি চাকরি আইন, ২০১৮-এর ৩২(আ) ধারা অনুযায়ী ০২ (দুই) বছরের জন্য পদোন্নতি স্থগিতকরণসহ তার অননুমোদিত অনুপস্থিতকালকে বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে গণ্য করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে;

সেহেতু, মির্জা মো: মঈন উদ্দিন (১৫৪৬২), সহযোগী অধ্যাপক (অর্থনীতি), সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া এর ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত জবাববন্দি এবং আলোচ্য বিভাগীয় মামলা সংক্রান্ত সকল রেকর্ডপত্র পর্যালোচনান্তে সরকারি চাকরি আইন, ২০১৮-এর ৩২ (আ) ধারা অনুযায়ী ০২ (দুই) বছরের জন্য পদোন্নতি স্থগিতকরণ করা হলো এবং তার অননুমোদিত অনুপস্থিতকালকে (০১/০৪/২০২১ খ্রি. হতে ১৬/১১/২০২১ খ্রি.) পর্যন্ত ০৭ (সাত) মাস ১৬ (ষোল) দিন বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে গণ্য করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
স্বাক্ষরিত/-
তারিখ: ১৪/০৭/২০২২
(মোঃ আবু বকর ছিদ্দীক)
সচিব


নম্বর- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০২৭.২০২১. ৩৭৮/২৩০)

তারিখ:

০৬ শ্রাবণ ১৪২৯ বঙ্গাব্দ
২১ জুলাই ২০২২ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১. সচিব, বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (মির্জা মো: মঈন উদ্দিন এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
৩. মাননীয় শিক্ষামন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪. মাননীয় শিক্ষা উপমন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
৭. অধ্যক্ষ, সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া।
৮. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৯. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা
১০. মির্জা মো: মঈন উদ্দিন (১৫৪৬২), সহযোগী অধ্যাপক (অর্থনীতি), সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া।


২১.৭.২২
(টৌধুরী সামিয়া ইয়াসমীন)
উপসচিব
ফোন: ২২২৩৩৫৪২৬৫